

ইতিহাস ও ঐতিহ্যের খোঁজে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের শিক্ষার্থীরা লালবাগ এবং আহসান মঞ্জিল পরিদর্শন করে। পাঠ্যপুস্তকের সাথে মিল রেখে বাস্তব অভিজ্ঞতার জন্য স্কুল কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিয়ে এই শিক্ষা সফরের আয়োজন করেন।



১৬ সেপ্টেম্বর, সকালে শিক্ষার্থীরা এই আনন্দপূর্ণ শিক্ষা সফরে যায়। স্কুলের প্রধান শিক্ষক আনন্দ চৌধুরীর তত্ত্বাবধানে অন্যান্য শিক্ষকবৃন্দ শিক্ষার্থীদের সাথে এই শিক্ষা সফরে অংশ নেয়।

প্রথমে পুরান ঢাকায় লালবাগ কেল্লা পরিদর্শন করে, পরবর্তীতে আহসান মঞ্জিল পরিদর্শন করে তারা। এ সময় শিক্ষার্থীরা বিভিন্ন প্রশ্ন করে শিক্ষকদের নিকট থেকে ইতিহাস ও ঐতিহ্যের বিষয়ে বাস্তব জ্ঞানার্জন করে।

প্রধান শিক্ষক চৌধুরী জানান, ‘আমরা নিয়মিতভাবে শিক্ষার্থীদের জন্য শিক্ষা সফরের আয়োজন করি। তাদের জন্য পাঠ্যপুস্তকের সাথে মিল রেখে নিয়মিত শিক্ষা সফরের আয়োজন করি। মূল উদ্দেশ্য হলো, তারা যেন শুধু পুঁথিগত বিদ্যা লাভ না করে। তারা নিজ চোখে দেখে আরো বেশি কিছু জানতে পারবে। পুঁথিগত বিদ্যার পাশাপাশি এই বাস্তব জ্ঞানার্জন শিক্ষার্থীদের আরো বেশি শানিত করবে।’

